গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শালিখা, মাগুরা
www.shalikha.magura.gov.bd

তারিখ : ১৫.০১.২০২৪ খ্রি.

স্মারক নং- ০৫.৪৪.৫৫৮৫.০০০.১৩.০০৮.২৪-১১

## মাগুরা জেলাধীন শালিখা উপজেলার জলমহাল ইজারা বিজ্ঞপ্তি: ( ১৪৩১-১৪৩৩)

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে শালিখা উপজেলাধীন নিম্নোক্ত জলমহালসমূহ বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে সীলমোহরকৃত খামে নির্ধারিত শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহনের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সমপন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। এছাড়া জলমহালের আবেদন বিজ্ঞপ্তি www.shalikha.magura.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। ইজারাযোগ্য জলমহালের সিডিউল ও শর্তাবলি নিম্নরূপ।

| ক্র: নং | অনলাইনে আবেদন দাখিলের সময় কাল | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ১৪৩০ বঙ্গাব্দের ০৪ মাঘ হতে ২৩ মাঘের মধ্যে (১৮.০১.২০২৪ হতে ০৬.০২.২০২৪) তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সমপন্ন করে অনলাইনে আবেদন দাখিল। |
| | ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দে হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে (০৭.০২.২০২৪ খ্রি. হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শালিখা ,মাগুরা এ দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। |

১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারাযোগ্য সরকারি জলমহালের সম্ভাব্য বার্ষিক ইজারা মুল্যের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক | জলমহালের নাম | উপজেলার নাম | মৌজার নাম ও জে এল নম্বর | দাগ নম্বর | জমির পরিমান (আয়তন) | বিগত ০৩ বছরের গড় মুল্য | গড়মুল্যের ৫% বর্ধিতমুল্য | সম্ভাব্য সরকারি মুল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চটকাবাড়ীয়া খাস পুকুর | শালিখা | ১ নং চটকাবাড়ীয়া | ৯০২<br>৯০৩ | ১.০১ একর<br>০.২১ একর<br>মোট- ১.২২ একর | ১৬,০০০/- | ৮০০/- | ১৬,৮০০/- |
| ০২ | খৈপাড়া খাস পুকুর | শালিখা | ২৫ নং খৈপাড়া | ২৪১৫ | ০.৪৫ একর | ৩,৪০০/ | ১৭০/- | ৩,৫৭০/- |
| ০৩ | গোয়ালখালী উত্তরপাড়া খাস পুকুর | শালিখা | ৩৬ নং গোয়ালখালী | ৩৫৩১ | ০.৯৬ একর | ৬,৫০০/- | ৩২৫/- | ৬,৮২৫/- |
| ০৪ | গোয়ালখালী খাস পুকুর | শালিখা | ৩৬ নং গোয়ালখালী | ১২৮৬ | ১.৪৮ একর | ৬৩,১০০/-- | ৩,১৫৫/- | ৬৬,২৫৫/- |
| ০৫ | আড়পাড়া সোনাপাড়া খাস পুকুর | শালিখা | ৬৯ নং আড়পাড়া | ৩৫৩১ | ০.৬৩ একর | ৩,৯০০/- | ১৯৫/- | ৪,০৯৫/- |
| ০৬ | জুনারী খাস পুকুর | শালিখা | ৫৮ নং জুনারী | ২৬৮৩ | ০.৮২ একর | ১১,১০০/- | ৫৫৫/- | ১১,৬৫৫/- |
| ০৭ | রামপুর খাস পুকুর | শালিখা | ৭৯ নং রামপুর | ৩৭১৮ | ৫.১৪ একর | ৩,৫৭,১০০/- | ১৭,৮৫৫/-- | ৩,৭৪,৯৫৫/- |
| ০৮ | কাটিগ্রাম খাস পুকুর | শালিখা | ৮৯ নং কাটিগ্রাম | ৯৫০<br>৯৫১ | ০.৯৫ একর<br>০.৭৫ একর<br>১.৭০ একর | ৬৬,০০০/- | ৩,৩০০/- | ৬৯,৩০০/-- |
| ০৯ | কাতলী ফোরকানিয়া মাদ্রাসা সংলগ্ন খাস পুকুর | শালিখা | ৫৯নং কাতলী | ৪৯৪২ | ০.৬০ একর | ২৪,২০০/- | ১,২১০/- | ২৫,৪১০/- |
| ১০ | রামানন্দকাটি খাস পুকুর | শালিখা | ৯৭নং রামানন্দকাটি | ২২০৪<br>২২০৫ | ০.৭৪ একর<br>০.৩০ একর<br>মোট-১.০৪ একর | ৪২,০০০/- | ২,১০০/- | ৪৪,১০০/- |

আবেদনের ক্ষেত্রে ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবে। ইজারা বিজ্ঞপ্তি www.shalikha.magura.gov.bd ওয়েব সাইটে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, সহকারী কমিশনার (ভূমি), শালিখা এর কার্যালয়, শালিখা উপজেলার ইউনিয়ন ভূমিসমূহে, ইউনিয়ন পরিষদ অফিসসমূহে, জেলা প্রশাসকের কার্যালয় রাজস্ব শাখা, মাগুরায় পাওয়া যাবে।

১৫.০১.২৪

হরেকৃষ্ণ অধিকারী
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা

D. জলমহল ইজারা বিজ্ঞপ্তি সংক্রান্ত

CamScanner

আবেদনের শর্তাবলি ঃ

অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে।

০১। অবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার শালিখা মাগুরার অনুকূলে যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপির সাথে ব্যাংক ড্রাফট /পে-অর্ডার এর মুল কপি সংযুক্ত করে দাখিল করতে হবে।

০২। প্রত্যেক দরদাতাকে আবেদন পত্রের সাথে আবেদনে উল্লিখিত দরের ২০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরার অনুকূলে জমা দিয়ে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। লীজ গ্রহীতার শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

০৩। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে।

০৪। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে, তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট দাখিল করতে হবে না।

০৫। আবেদনের সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ এবং নির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ সংযুক্ত করতে হবে।

০৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র, সভাপতি ও সাধারণ সম্পাদকের সত্যায়িত ছবি, নাগরিক সনদ পত্র, সকল সদস্য মৎস্যজীবি-এ সংক্রান্ত প্রত্যয়ন পত্র ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা ইত্যাদি সংযুক্ত করতে হবে।

০৮। সরকারি মূল্য অপেক্ষা কম দর দাখিল হলে কোন জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৯। নির্ধারিত সময়ের পর কোন আবেদন সংগ্রহ/দাখিল করা যাবে না।

১০। লীজগ্রহীতাকে ইজারামূল্য, দাখিলকৃত দরের ১০% আয়কর ও ১৫% ভ্যাট ইজারা প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে সরকারি নীতিমালা মোতাবেক জমা দিতে হবে। অন্যথায় আবেদন বাতিল ও জামানত বাজেয়াপ্ত হবে।

১১। লীজের সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতাকে ৩৫০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ০১ কপি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন ক্রমেই জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

১৩। কোন ঘষা মাজা/কাটাকাটি/ফ্লুইড লাগানো বা ত্রুটিপূর্ণ আবেদন ফরম ও দরদাতার স্বাক্ষরবিহীন আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪। জলমহাল ইজারা বাংলা ১৪৩১ সালের যে কোন সময় চূড়ান্ত হলেও লীজ প্রাপ্তির মেয়াদ পহেলা বৈশাখ ১৪৩১ হতে কার্যকর বলে গণ্য হবে।

১৫। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধিবিধানসমূহ ইজারা গ্রহীতাকে আবশ্যিকভাবে মেনে চলতে হবে এবং ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য লীজ গ্রহীতাকে অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতিকে দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৭। ২য় বার ইজারা না হলে ৩য় বার কার্যকর হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই লীজ প্রদান সংক্রান্ত দরপত্র আহবানের কার্যক্রম স্থগিত ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

হরেকৃষ্ণ অধিকারী
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা
ফোন: ০২৪৭৭৭১২২০৩
ই-মেইল : unoshalikha@gmail.com

স্মারক নং- ০৫.৪৪.৫৫৮৫.০০০.১৩.০০৮.২৪-১১ তারিখ : ১৫.০১.২০২৪ খ্রি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় সংসদ সদস্য-৯২, মাগুরা-২
২। জেলা প্রশাসক, মাগুরা
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাগুরা।
৫। সহকারী কমিশনার (ভূমি), শালিখা, মাগুরা ও সদস্য-সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, শালিখা, মাগুরা।
৬। উপজেলা ................................................ অফিসার(সকল), শালিখা, মাগুরা।
৭। চেয়ারম্যান,.................................... ইউ/পি(সকল), শালিখা, মাগুরা। বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................... ইউনিয়ন ভূমি অফিস(সকল), শালিখা, মাগুরা। সংশ্লিষ্ট এলাকার হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। সম্পাদক, দৈনিক ...................বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে সরকারি ছুটির দিন বাদে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা

D. জলমহাল ইজারা বিজ্ঞপ্তি সংক্রান্ত

CamScanner